

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৬৫

৩৬/ ফিতনা (اكتاب الفتن عن رسول الله الله الله المناب الفتن عن رسول الله الله المناب الفتن عن رسول الله الله المناب الفتن عن رسول الله المناب الفتن عن رسول الله المناب الفتن عن رسول الله الله المناب المناب

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ، حَدَّثَنَا حُمَیْدٌ الطَّویِلُ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي بَكْرَةَ، قَالَ عَصَمَنِي اللَّهُ بِشَيْءٍ سَمِعْتُهُ مِنْ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ أَبِي بَكْرَةَ، قَالَ عَصَمَنِي اللَّهُ بِشَيْءٍ سَمِعْتُهُ مِنْ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم "لَمَّا هَلَكَ كِسْرَى قَالَ " مَنِ اسْتَخْلَفُوا " . قَالُوا ابْنَتَهُ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم "لَنْ يُفْلِحَ قَوْمٌ وَلَّوْا أَمْرَهُمُ امْرَأَةً " . قَالَ فَلَمَّا قَدِمَتْ عَائِشَةُ يَعْنِي الْبَصْرَةَ ذَكَرْتُ قَوْلَ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَعَصَمَنِي اللّهُ بِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَعَصَمَنِي اللّهُ بِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ

বাংলা

২২৬৫. মুহাম্মদ ইবন মুছান্না (রহঃ) আবু বাকরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এমন একটি বিষয় আমি শুনেছিলাম যার মাধ্যমে আল্লাহ তাআলা আমাকে রক্ষা করেছিলেন। কিসরা নিহত হওয়ার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের জিজ্ঞাসা করলেন যে, তারা কাকে উত্তরাধিকারী নিযুক্ত করেছে? লোকেরা বললঃ তার কন্যাকে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যে সম্প্রদায় নারীকে কর্তৃত্বাধিকারী বানায় সে সম্প্রদায়ের কখনো কল্যাণ হতে পারে না।

এরপর আয়িশা রাদিয়াল্লাভ্ আনহা যখন (আলী (রাঃ) এর বিরুদ্ধে সেনাদল নিয়ে) বসরা আগমন করেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর ঐ বানী স্মরণ করলাম। তারপর এর মাধ্যমে আল্লাহ তাআলা আমাকে (আলী রাদিয়াল্লাভ্ আনভ্-এর বিরুদ্ধ করা থেকে) বাঁচিয়ে নিলেন। সহীহ, ইরওয়া ২৪৫, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৬২ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) এ হাদীসটি হাসান-সহীহ।

English



Abu Bakrah said:

"Allah restrained me with something that I heard from the Messenger of Allah(s.a.w). When Kisra was destroyed, he said: 'Who did they have to succeed him?' They said: 'His daughter.' So the Prophet(s.a.w) said: 'A people will never succeed who give their leadership to a woman.'" He said: "So when 'Aishah arrived - meaning in Al-Basrah - I remembered the saying of Messenger of Allah (), so Allah restrained me by it."

Abu Eisa said: This Hadith is [Hasan] Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

